অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/27/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো টাকোনিক পর্বতমালায় 5,789 একর সংরক্ষণের ঘোষণা করেছেন

হাজার হাজার একর টাকোনিক রিজ স্টেট ফরেস্ট এবং বার্লিন স্টেট ফরেস্টে যোগ করা হয়েছে, যা বিনোদনমূলক সুযোগ বৃদ্ধিএবং গুরুত্বপূর্ণ জীব-বাসস্থান রক্ষা করে

এখানে ছবি রয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম.কুওমো আজ ট্যাকোনিক পর্বতমালায় 5,789 অতিরিক্ত একর সংরক্ষণ করার ঘোষণা করেছেন যা গুরুত্বপূর্ণ উন্মুক্ত স্থান রক্ষা করবে এবং স্থানীয় অর্থনীতির সহায়তার জন্য বিনোদনমূলক সুযোগ প্রসারিত করবে। সংরক্ষিত এলাকার মধ্যে রয়েছে ট্যাকোনিক রিজ স্টেট ফরেস্ট সংলগ্ন 2,446 একর জমি এবং সংরক্ষণ তহবিলের (The Conservation Fund) সাথে অংশীদারিত্বের মাধ্যমে বার্লিন স্টেট ফরেস্টে 3,343 একর জমির অধিগ্রহণ।

"এই চ্যালেঞ্জিং সময়ে অনেক নিউ ইয়র্কবাসীর জন্য বাইরে যাওয়া এবং প্রকৃতিকে উপভোগ করা হল আনন্দ করার অল্প কিছু বিকল্পের মধ্যে একটি এবং সংরক্ষণের অব্যাহত সম্প্রসারণের সাথে সাথে আমরা বিনোদনের জন্য আরো সুযোগ প্রদান করছি এবং গুরুত্বপূর্ণ উন্মুক্ত স্থানসমূহ সুরক্ষিত রাখা নিশ্চিত করছি," **গভর্নর কুওমো বলেন।** "ট্যাকোনিক রিজ সমৃদ্ধ পরিবেশের চমৎকার, বিস্তৃত দৃশ্য প্রদান করে এবং আমাদের সংরক্ষণ প্রচেষ্টাকে ধন্যবাদ এটি আগামী প্রজন্মের নিউ ইয়র্কবাসীদের জন্য একটি গন্তব্যস্থল হয়ে উঠবে।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (New York State Department of Environmental Conservation) সম্প্রতি চারটি পুরানো কাউই ফরেস্ট পার্সেল অধিগ্রহণ করেছে সংরক্ষণ তহবিল থেকে 4.85 মিলিয়ন মার্কিন ডলার ব্যবহার করে এনভায়রনমেন্ট প্রোটেকশন ফান্ড (Environment Protection Fund, EPF) থেকে, যা স্টিকলস, নুজেন্ট, ইস্ট মাউন্টেন এবং মিজারি মাউন্টেন ট্র্যাক্ট নামে পরিচিত। এই অধিগ্রহণ ট্যাকোনিক রিজ এবং বার্লিন স্টেট ফরেস্টের আয়তন দ্বিগুণ করবে এবং ট্যাকোনিক ক্রেস্ট ট্রেইলের অ্যাক্সেস সহ বিনোদনমূলক সম্পদের গুরুত্বপূর্ণ সংযোগ প্রদান করবে। এছাড়াও, এই ক্রয় নিউ ইয়র্ক রাজ্যের একটি বন্য ট্রাউট স্ট্রিম লিটল হুসিক নদীর উপনদীগুলিকে রক্ষা করে। DEC-র রাজ্যের বনের অংশ হিসেবে, এই জমিগুলি কাঠ উৎপাদন, জলাশয় সুরক্ষা, বন্যপ্রাণীর বাসস্থান, এবং বিনোদন সহ একাধিক ব্যবহারের জন্য পরিচালিত হবে।

DEC কমিশনার বেসিল সেগোস বলেন, "এই উল্লেখযোগ্য অধিগ্রহণকে ধন্যবাদ নিউ ইয়র্কবাসী এবং দর্শনার্থীরা একইভাবে ট্যাকোনিক্সে বিনোদনের জন্য নতুন সুযোগ পাবে যা রাজধানী অঞ্চলের রাজ্যের বনকে প্রসারিত করবে এবং বন্যপ্রাণী, বাসস্থান, পানির মান এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে আমাদের চলমান লড়াইয়ের জন্য তারা বহু সুবিধা প্রদান করবে। আমরা সংরক্ষণ তহবিলে আমাদের অংশীদারদের প্রতি কৃতজ্ঞ, বিশেষ করে গভর্নর কুওমোর পরিবেশ রক্ষা তহবিলের প্রতি অব্যাহত অঙ্গীকারবদ্ধতা, মাতৃ প্রকৃতি পরিবেশ বন্ড আইন (Restore Mother Nature Environmental Bond Act) প্রবর্তন এবং বন সংরক্ষণে অন্যান্য গুরুত্বপূর্ণ বিনিয়োগের জন্য।"

সংরক্ষণ তহবিলের ভাইস প্রেসিডেন্ট এবং উত্তর-পূর্বের প্রতিনিধি টম ডাফাস বলেন, "এই বন একটি বৃহত্তর 16,000 একর কার্যকর বন্য ল্যান্ডস্কেপের অংশ যা সংরক্ষণ তহবিল রেনসেলার মালভূমি এবং ট্যাকোনিম অঞ্চলের বন অর্থনীতির প্রাণশক্তি রক্ষার জন্য রাজ্য এবং অন্যান্য স্থানীয় অংশীদারদের সাথে কাজ করছে। এখন নিউ ইয়র্ক স্টেট ফরেস্ট সিস্টেমের অংশ, এই বনভূমির মূল্যবান সম্পদ, যার মধ্যে রয়েছে স্থানীয় মিলগুলিতে কাঠ সরবরাহ, বিনোদনমূলক প্রবেশাধিকার, পানির মান এবং বন্যপ্রাণীদের বাসস্থানের জন্য সুরক্ষা সহ এই বন্যভূমির মূল্যবান সংস্থানগুলির সুরক্ষা নিশ্চিত করা হবে।"

বিস্তৃত বনভূমি ছাড়াও, রেনসেলার মালভূমি বেশ কিছু অনন্য জলাভূমি সম্প্রদায়কে সমর্থন করে, যার মধ্যে রয়েছে সেজ মিডো, ডোয়ার্ফ শ্রাব বগ, স্প্রুস-ফার সোয়াম্প, এবং কেটল হোল বগ, একটি চিত্তাকর্ষক স্তন্যপায়ী বৈচিত্র্য যা বৃহত্তর রাজধানী জেলার ক্ষেত্রে স্বাভাবিক নয়, যার মধ্যে রয়েছে কালো ভাল্লুক, ফিশার, ভোঁদড়, ববক্যাট, এবং মুস, এবং যা ন্যাশানাল আউডোবন সোসাইটির (National Audubon Society) নিউ ইয়র্কের গুরুত্বপূর্ণ পক্ষী এলাকার তালিকায় অন্তর্ভুক্ত। রেনসেলার মালভূমির বৃহৎ বন ব্লক মূল এলাকা হিসেবে কাজ করে যা থেকে বন্যপ্রাণী করিডোর অন্যান্য বন এলাকা পর্যন্ত বিস্তৃত হয় এবং প্রাকৃতিক ঐতিহ্য প্রোগ্রাম (Natural Heritage Program) অনুযায়ী, জলবায়ু পরিবর্তনের প্রতিক্রিয়ায় দক্ষিণ অঞ্চল বা নিম্ন উচ্চতা থেকে চলমান বন্যপ্রাণীদের জন্য সম্ভাব্য আশ্রয় প্রদান করে।

ম্যাসাচুসেটস এবং ভারমন্ট সীমান্ত বরাবর রেনসেলার কাউন্টিতে অবস্থিত, DEC-র ট্যাকোনিক রিজ এবং বার্লিন স্টেট বনগুলি ট্যাকোনিক পর্বতমালার প্রাথমিক প্রবেশদ্বার যা গুরুত্বপূর্ণ প্রাকৃতিক সংস্থানগুলি সংরক্ষণ করে এবং বিভিন্ন বহিরঙ্গনের বিনোদনমূলক সুযোগ প্রদান করে। তাদের ছড়ানো পাহাড়, বন, প্রাকৃতিক দৃশ্য এবং ট্যাকোনিক ক্রেস্ট ট্রেইল সহ 34 মাইলেরও বেশি ট্রেইল, হাইকিং এর জন্য আদর্শ। ট্যাকোনিক রিজ রাজ্য বন (Taconic Ridge State Forest) সম্পর্কে আরও তথ্যের জন্য, https://www.dec.ny.gov/lands/72874.html ভিজিট করুন।

গভর্নর কুওমোর 2020-21 সালের প্রণীত রাজ্য বাজেট EPF তহবিল 300 মিলিয়ন মার্কিন ডলারে বজায় রাখে, যা এই কর্মসূচির 25 বছরের ইতিহাসে সর্বোচ্চ পর্যায়ের তহবিল। উপরন্তু, এই বছরের বাজেট পানির মান উন্নয়নে রাজ্যের ইতিমধ্যেই করা 3 বিলিয়ন মার্কিন ডলারের ঐতিহাসিক প্রতিশ্রুতিতে 500 মিলিয়ন মার্কিন ডলার যোগ করেছে। বাজেট এছাড়াও মাতৃ প্রকৃতির

পরিবেশ পুনর্বহাল বন্ড আইন তৈরি করে। যদি নভেম্বরে ভোটাররা এটির অনুমোদন করেন, বন্ড আইনটি স্টেটের প্রতিটি কোণায় অবস্থিত গুরুত্বপূর্ণ পরিবেশ পুনরুদ্ধার এবং জলবায়ু প্রশমন প্রকল্পের অর্থায়ন করতে পারে যাতে কর্মসংস্থান তৈরি ও স্থানীয় অর্থনৈতিক উন্নয়নের সাথে সাথে নিউ ইয়র্ক জলবায়ু পরিবর্তনের তীব্র প্রভাবের সাথে নিজেকে মানিয়ে নিতে পারে এবং নির্গমন হ্রাস করতে পারে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন